

বৈশাখী মেলা

ডঃ মোহাম্মদ আবদুর রাযযাক

এপ্রিলে বাঙালীরা সিডনী শহরে
বৈশাখী মেলা নিয়ে হৈ চৈ করে।
একানব্বই থেকে, হতো এই মেলা
বারউড ইসকুলে, ছিলনা ঝামেলা।
দল বেঁধে সবে মিলে যেতাম সেথায়,
কাটতো সময় সুখে মিলন মেলায়।
সে মেলায় পাবে তুমি ফুচকা, খিচুরী
মিঠাই, মন্ডা, পিঠা, আর ঝাল মুড়ি।
হৈ চৈ, আড্ডা, চা-কাপে তুফান,
নাটক, যাত্রা, পালা, নাচ, হাসি গান।

ছিয়ানব্বইয়ে এসে বদলালো হাল,
এক মেলা দুই হলো; গেল বহু কাল।
দু হাজার সাতে এসে মেলা হলো তিন,
কবে হবে চার, পাঁচ গুনি তারই দিন।
‘দলের তো একই নাম, তিন মেলা কেন?’
‘নীতিতে আপোষ নাই, এই টুকু জেনো।’
‘কোথায় এসব মেলা, কোন ঠিকানায়?’
‘সিডনীতে থাকো, তবু জানোনা কোথায়?’
টেম্পের ময়দান, রেসকোর্স আর
অলিম্পিকের মাঠে বসে মহা কারবার।

সবাই ব্যস্ত অতি, প্রতিযোগীতায়
কে কারে টেক্কা দেবে সেই চিন্তায়।
স্লোগান সহজ ‘এসো মোদের মেলায়,
আমরাই আদি দল নীতির খেলায়।’
প্রতিযোগী হেসে বলে ‘বলে কি পাগল;
ফালতু পাড়ি ওরা, আমরা আসল।
আমাদের মেলা হলো বাঙালীর মেলা;
ওরা সব নীতিহীন নেতাদের চেলা।’

এ ওরে মারছে ল্যাং, ও মারছে গুঁতো,
সবারে বেঁধেছে কি সে ঝগড়ার সুতো,
সে নিয়ে রয়েছে মত-ভেদ বিস্তর;
এদের মিলন পথ বড় দুস্তর।
‘মেলার বেলায় নেই কোনই আপোষ;
মেলা তো মাথার তাজ, নয়তো পাপোশ।’

জনতা জনার্দন মেলার মেলায়
ভাবে বসে ‘পরা গেল মহা ঝামেলায়।
মেলাতো মাগনা নয়, তিনটায় যাওয়া
মানে হোল জেনে বুঝে মহা ধরা খাওয়া।
আরো আছে মুশকিল, কোনটায় গিয়ে,
কার রোযানলে পরি বিদেশ বিভূয়ে।
মেলা মেলা জানি, তবু মনে সুখ নাই
কোনটায় গিয়ে কাকে শত্রু বানাই।’

সিডনী / এপ্রিল, ৬, ২০০৭